

৪৭ Report

গৌরীপুরে মহিলা কলেজে উপবৃত্তি নিয়ে অনিয়মের অভিযোগ

গৌরীপুর (মহানন্দসিংহ) সংবাদদাতা
গৌরীপুর মহিলা কলেজ কর্তৃপক্ষের অনিয়ম, স্বজনশ্রীতি ও উদাসীনতার ৫২ জন গরীব, মেধাবী ছাত্রী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়েছে। উপবৃত্তি বঞ্চিত ছাত্রীরা কলেজে গিয়ে কর্তৃপক্ষের কাছে অনুনয়-বিনয় ও কলত্রাণটি করেও তাদের সম্বলুভূতি অর্জনে ব্যর্থ হয়েছে। ফলে ৫২ শিক্ষার্থীর শিক্ষাজীবন ব্যাহত হওয়ার উপক্রম হয়েছে। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ সঠিক কোন কারণ জানাতে পারেনি।
গৌরীপুর মহিলা কলেজের ১২ বর্ষ মানবিক

শাখার ছাত্রী শাহজান আক্তার, রাফিয়া আক্তার, সিউশী আক্তার, তহুয়া বেগম, সালমা বেগম অভিযোগ করে জানান, তারা উপবৃত্তি পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য নিয়ম যথাযথভাবে পূরণ করা সত্ত্বেও কর্তৃপক্ষের উদাসীনতার কারণে তারা উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়েছে। বিবর্তিত ও অনুপস্থিত ছাত্রীরা উপবৃত্তির টাকা পাওয়ার বিধান না থাকলেও কর্তৃপক্ষের অনিয়ম, স্বজনশ্রীতি ও কলেজ কর্তৃপক্ষকে বিশেষভাবে ম্যানেজ করার কারণেই ১২ বর্ষ মানবিক বিভাগের নার্গিস আক্তার, সুফিয়া আক্তার, রেবেকা সুপার্নাসহ অনেক ছাত্রীই উপবৃত্তি পেয়েছে। শুধু ১২ বর্ষ মানবিক বিভাগের ২০ জন ছাত্রীর উপবৃত্তির সকল শর্ত পূরণ করার পরও উপবৃত্তি থেকে বঞ্চিত হয়েছে। ২য় বর্ষের মানবিক শাখার আহমা আক্তার, হুমিয়া আক্তার, মনিরা আক্তারসহ অনেকেই উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়েছে। তারা কি কারণে উপবৃত্তির টাকা পায়নি এ ব্যাপারে কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করলে কর্তৃপক্ষ এর কারণ জানাতে পারেনি।

এ ব্যাপারে গৌরীপুর মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সিরাজুল ইসলাম তরকম্বার বলেন, উপবৃত্তি তাহিকা তৈরি ক্ষেত্রে ভুল থাকতে পারে, ভবিষ্যতে এরকম ভুল না হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা একেএম ইয়াসিনুল হক বলেন, তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

জটাইল (টালাইল) থেকে সংবাদদাতা।
জটাইল জির্কিবি বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রীদের উপবৃত্তি বিতরণ নিয়ে অনিয়মের অভিযোগ উঠেছে। এ ব্যাপারে কলেজের ছাত্রীরা উপজেলা নির্বাহী অফিসারের কাছে স্বাক্ষরিত পত্র প্রদান করেছে। ২৭ জন ছাত্রী অভিযোগে বলেন, উপবৃত্তি প্রদানের শর্তানুযায়ী তারা উপবৃত্তি পাওয়ার যোগ্য হওয়া সত্ত্বেও তাদেরকে উপবৃত্তি থেকে বঞ্চিত করা হচ্ছে। এ ব্যাপারে বাধ্যতামূলক শিক্ষা অফিসের হফিজুল ইসলাম জানান, ঘটনাটি সম্পর্কে আমি অবগত তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।